

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.২৮৬.১৯/৪৭৬৭

তারিখ: ২৪/১০/২০১৯ খ্রি।

বিষয়: শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলাধীন সিরাজ সিকদার ডিগ্রি কলেজে ভারপ্রাপ্ত অধ্যক্ষ এর দায়িত্ব প্রদান।

সূত্র: (১) জনাব আবদুল হক, সহকারী অধ্যাপক(অর্থনীতি) এর ৩০-০৯-২০১৯খ্রি. তারিখের আবেদন।

(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২. ০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-১৮৩১, তারিখ: ১৩/০৫/২০১৯খ্রি.।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলাধীন সিরাজ সিকদার ডিগ্রি কলেজে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের বিষয়ে কলেজটির সহকারী অধ্যাপক(অর্থনীতি)জনাব আবদুল হক আবেদন করেন।

সেপ্টেম্বর/২০১৯ মাসের এমপিও কপি অনুযায়ী কলেজটিতে অধ্যক্ষ পদ শূণ্য। কলেজটিতে বর্তমানে ৪(চার) জন সহকারী অধ্যাপক এমপিওভুক্ত আছেন। নথিতে প্রাপ্ত তথ্য মোতাবেক নিম্নে ৪ জন শিক্ষকের জ্যেষ্ঠতার বিবরণ উপস্থাপন করা হলো:

ক্র. নং	নাম, পদবি ও ইনডেক্স নং	প্রথম এমপিওভুক্তি	যোগদান	জন্মতারিখ	মন্তব্য
০১	জনাব সুশান্ত কুমার নাগ সহকারী অধ্যাপক, ইন. নং- ৩০০৭১২৯	০১-০৫-২০০৮	০১-১০-১৯৯৫	১৫-১১-১৯৬৭	
০২	মো: মোহসীন উদ্দিন সহকারী অধ্যাপক, ইন নং- ৩০০৭১২৮	০১-০৫-২০০৮	০১-১০-১৯৯৫	১৫-১২-১৯৬৭	
০৩	আবদুল হক সহকারী অধ্যাপক, ইন. নং-৩০৭৯০৩৮	০১-০৫-২০০৮	০১-১০-১৯৯৫	১২-১০-১৯৬৯	
০৪	মহাম্মদ মঈনুদ্দীন সহকারী অধ্যাপক, ইন নং-৩০০৭১২৫	০১-০৫-২০০৮	০১-১০-১৯৯৫	০১-০৩-১৯৭০	

শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, তারিখ: ০৯/০৭/২০১২খ্রি. মোতাবেক অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে জনবল কাঠামো-২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন উল্লেখ করে মাউশি অধিদপ্তর হতে (সুগ্রোক্ত পত্র-২) জারি করা হয়।

এমতাবস্থায়, জনবল কাঠামো-২০১৮ এর ১৩ ধারা মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষককে পত্র প্রাপ্তির ৭(সাত) কর্মদিবসের মধ্যে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: ncollege@dshe.gov.bd



অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)

সিরাজ সিকদার ডিগ্রি কলেজ, ভেদরগঞ্জ, শরীয়তপুর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সভাপতি, গভার্ণিং বডি, সিরাজ সিকদার ডিগ্রি কলেজ, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৩। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, শরীয়তপুর শাখা, শরীয়তপুর(অধ্যক্ষ নিয়োগ না দেয়া পর্যন্ত জ্যেষ্ঠ শিক্ষক ব্যতিত অন্য কারও স্বাক্ষরে বেতন-ভাতা প্রদান না করার অনুরোধসহ)।
- ৪। জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
- ৫। উপজেলা মাধ্যমিক অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
- ৬। জনাব আবদুল হক, সহকারী অধ্যাপক(অর্থনীতি), সিরাজ সিকদার ডিগ্রি কলেজ, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
- ৭। সংরক্ষণ নথি।